

আন্তর্জাতিক সন্ত্রাস বিরোধী সম্মেলনে যোগ দিতে আফগানিস্তানের উপ-বিদেশমন্ত্রীর ভারত সফর

আফগানিস্তানের উপ বিদেশমন্ত্রী জনাব হেকমাত কারজাই, ভারত সফর করলেন আন্তর্জাতিক সন্ত্রাস বিরোধী সম্মেলনে যোগ দেওয়ার জন্য, তিনি কথা বলেন প্রতিমন্ত্রী শ্রী এম জে এ আকবর এবং সাক্ষাৎ করেন বিদেশসচিব ড. এস জয়শঙ্কর এবং সচিব (ইআর) শ্রী অমর সিনহার সঙ্গে।

উভয়পক্ষ আফগানিস্তানের পরিস্থিতি নিয়ে মত বিনিময় করেন এবং উন্নয়ন সহযোগিতার প্রকল্পের কার্যকারিতা এবং গত বছর প্রেসিডেন্ট ঘানির ভারত সফরের সময়ে গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করেন। আফগান উপ-বিদেশমন্ত্রী বর্তমান নিরাপত্তা পরিস্থিতি এবং দেশের শান্তি ও পুনর্গঠনে আফগানিস্তান সরকার কি পদক্ষেপ করেছে, তা নিয়ে ভারতকে অবহিত করেন। একটি শান্তিপূর্ণ, স্থিতিশীল, সমৃদ্ধ আফগানিস্তান গঠনে এবং গণতান্ত্রিক ও বহুদলীয় উচ্চাকাঙ্ক্ষা পূরণ করে একটি ঐক্যবদ্ধ দেশ গঠনে আফগানিস্তান সরকার ও জনগণকে সমর্থনের কথা পূর্নব্যক্ত করে ভারত।

নয়াদিল্লি

মার্চ ১৬, ২০১৭